

অনলাইন আবেদন প্রক্রিয়ার জন্য প্রয়োজনীয় নির্দেশিকা

- ❖ অনলাইন আবেদন প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সবাইকে Google Chrome Browser ব্যবহার করতে অনুরোধ করা হচ্ছে।
- ❖ যদি কম্পিউটারে পিডিএফ ফাইল পড়ার মতো সফটওয়্যার না থাকে তাহলে Adobe Acrobat Reader ইনস্টল করলে সুবিধে হবে।
- ❖ পছন্দ ও যোগ্যতা অনুযায়ী নিম্নলিখিত button এ click করুন।
 - অনার্সে আবেদন করতে চাইলে 'Honours' এ click করতে হবে।
 - পাশ কোর্সে আবেদন করতে চাইলে 'General' এ click করতে হবে।
 - ভোকেশানেলে উচ্চ মাধ্যমিক পাশ ছাত্র-ছাত্রীদের অবশ্যই 'General' এ click করতে হবে। পরের স্টেপ এ ভোকেশানেল পাশ ছাত্রছাত্রীদের অবশ্যই 'Vocational' এ click করতে হবে। কিন্তু যারা ভোকেশানেল নয় এবং পাশ কোর্সে পড়তে চায় তাদের 'General' এ click করতে হবে।
- ❖ কোনো বিষয়ে সাম্মানিক স্নাতক বা অনার্স পড়তে চাইলে আবেদনকারীকে প্রথম সেমেস্টার এর জন্য Generic Elective Subject (GE1) বা পাসকোর্সের একটি বিষয় নির্বাচন করতে হবে। একই ভাবে দ্বিতীয় সেমেস্টারেও GE2 নির্দিষ্ট করতে হবে।
- ❖ বিজ্ঞান বিভাগে জেনারেল স্নাতক কোর্সে বা পাসকোর্সে ভর্তির জন্য আবেদনকারীরা নিজেদের পছন্দ অনুযায়ী বিষয় নির্বাচন করতে পারবে।
- ❖ কলা বিভাগে জেনারেল স্নাতক বা পাসকোর্সে ভর্তি হতে চাইলে আবেদনকারীদের দুটি বিষয় থেকে একটি করে Core Course (CC1 & CC2) এবং একটি বিষয় Generic Elective (GE) হিসেবে বেছে নিতে হবে।
- ❖ অনার্স এবং পাসকোর্স উভয় ছাত্রছাত্রীদের জন্যই দুটি Ability Enhancement Compulsory Course (AECC1 & AECC2) বাধ্যতামূলক।
- ❖ সতর্কতার সাথে পুরো আবেদন পত্র পূরণ করার পর Submit এ click করে আবেদন প্রক্রিয়া শেষ করতে হবে।
- ❖ আবেদন পত্র জমা করার পর সিস্টেম প্রদত্ত AEN No. (ID No.) লিখে রাখতে হবে।
- ❖ আবেদন প্রক্রিয়া শেষ করার পর আবেদন পত্রটির এক কপি প্রিন্ট নিতে হবে যা পরবর্তীতে কাজে লাগবে।
- ❖ Online Payment Gateway তে গিয়ে আবেদনকারী ডেবিট কার্ড/ ক্রেডিট কার্ড/ নেট ব্যাঙ্কিং এর মাধ্যমে তার অ্যাপ্লিকেশন ফি জমা দিতে পারবে।

- ❖ ব্যাঙ্কে গিয়ে অ্যাপ্লিকেশন ফি জমা দিতে চাইলে আবেদনকারীকে সিস্টেম প্রদত্ত চালান প্রিন্ট করে **Bank of Baroda** কাকদ্বীপ শাখায় যেতে হবে। এবং তা করতে হবে আবেদন পত্র জমা দেওয়ার পরের দিন থেকে ১৬/০৬/২০১৮ (ব্যাঙ্ক খোলা থাকলে) তারিখ পর্যন্ত।
- ❖ অ্যাপ্লিকেশন ফি জমা দিলে তবেই পুরো আবেদন প্রক্রিয়াটি শেষ হবে এবং আবেদন পত্র বৈধ বলে গ্রাহ্য হবে। অন্যথায় তা বাতিল বলে গণ্য হবে।
- ❖ একটির বেশি বিষয়ে আবেদন করতে চাইলে প্রতিটি বিষয়ের জন্য আলাদা করে আবেদন করতে হবে এবং সেইমতো অ্যাপ্লিকেশন ফিও জমা দিতে হবে।